কালের কণ্ঠ

তারিখ 07 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

## ঢাবিতে মানববন্ধন

# হাতাহাতির ঘটনা ভিন্নভাবে উপস্থাপন করা হচ্ছে

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ ও বাম সমর্থিত শিক্ষকদের প্যানেল নীল দলের সাধারণ সভায় দুই গ্রুপের মধ্যে হাতাহাতির ঘটনাকে একটি মহল ভিন্নভাবে উপস্থাপন করে গণমাধ্যমকে প্রভাবিত করার চেষ্টা করছে বলে দাবি করেছে নীল দলের আরেক অংশ।

গতকাল সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে 'ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমাজ' ব্যানারে আয়োজিত এক মানববন্ধনে এই দাবি করা হয়। এ সময় পাল্টা অভিযোগ করে প্রক্টর অধ্যাপক গোলাম রব্বানীর ওপর হামলাকারীদের শাস্তি দাবি করা হয়েছে।

এর আগে রবিবার একই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক আ ক ম জামাল উদ্দীনের ওপর হামলার অভিযোগ এনে এক মানববন্ধনে প্রক্টরকে অপসারণ এবং অভিযুক্তদের বিচারের দাবি জানায় নীল দলের আহ্বায়কের নেতৃত্বে এক অংশ। পরদিন পাল্টা আরেক মানববন্ধন ডেকে আ ক ম জামাল উদ্দীন প্রথমে প্রক্টরকে আঘাত করেছেন অভিযোগ করে উল্টো এই আক্রমণের বিচার দাবি করে নীল দলের আরেক অংশ।

মানববন্ধনে সভাপতিত্ব করেন নীল দলের সাবেক আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। আরো উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, সাবেক প্রক্টর অধ্যাপক ড. সাইফুল ইসলাম খান, বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মো. আবদুর রহিম প্রমুখ। এ ছাড়া মুঠোফোনে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। মানববন্ধন সঞ্চালনা করেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ হুমায়ুন কবির।